কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার দ্বি-বার্ষিক সাধারণ সভা ও কমিটি গঠন

কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার দ্বি-বার্ষিক সাধারণ সভা ও কমিটি গঠণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার দিকে কেরুজ ট্রেনিং কমপ্লেক্সের হল রুমে কেরুজ চিনিকলের মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার দ্বি-বার্ষিক সাধারণ সভা ও কমিটি গঠণ অনুষ্ঠিত হয়।

কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার সভাপতি আব্দুল হান্নানের সভাপতিত্বে অনুষ্টিত সভা ও কমিটি গঠন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন কেরু’জ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান (এফসিএমএ)।

কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার সাংগঠনিক সম্পাদক অহিদুজ্জামানের উপস্থাপনায় আরো উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা সমাজ সেবা কর্মকর্তা তোফাজ্জেল হোসেন, কেরু’জ চিনিকলের মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভুইয়া, চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, জেলা শ্রমিকদলের সাধারন সম্পাদক সাবু তরফদার, সাবেক ছাত্রনেতা দর্শনা পৌর বিএনপি সমন্বয়ক কমিটির সদস্য নাহারুল ইসলাম মাষ্টার, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক কমিটির সদস্য মাহাবুবুল হাসান খোকন, দর্শনা পৌর বিএনপি সমন্বয়ক কমিটির সদস্য লুৎফর রহমান, দর্শনা পৌর বিএনপি সমন্বয়ক কমিটির সদস্য ও সাবেক কাউন্সিলর শরীফ উদ্দিন, দর্শনা পৌর জামায়াতের সমাজ কল্যান বিষয়ক সম্পাদক আমজাদ হোসেন, কেরুজ অবসরপ্রাপ্ত শ্রমিক নেতা হাবিবুর রহমান হবি, প্রমুখ।

সভার বক্তব্য শেষে শরীফ উদ্দীনকে সভাপতি ও নজরুল ইসলামকে সাধারন সম্পাদক, ওহিদুজজামান ও শফিউল আলম তোতাকে সহ-সভাপতি, মোমিনল ইসলাম ও জাহান আলীকে যুগ্ম সাধারণ সম্পাদক এবং জালাল উদ্দীন লিটনকে সাংগঠনিক সম্পাদক করে ১৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি পূর্ণঙ্গ কমিটি গঠন করা হয়।

আলোচনার শুরুতেই আখচাষী কল্যাণ সংস্থার পরিচালনা পরিষদের অর্থ সম্পাদক (ক্যাশিয়ার) নজরুল ইসলাম বিগত বছরের আয় ব্যায়ের হিসাব উপস্থিত সকলের মাঝে পাঠ করে তুলে ধরেন।